

ইলেকট্রিকাল যন্ত্রপাতি

ইলেকট্রিকাল যন্ত্রপাতির সাপ্লাইয়ারদের জন্য ইউকেসিএ
মার্কিংসহ প্রয়োণীয় তথ্য

এই নির্দেশিকায়

- দেশের সংজ্ঞা
- মূল নিরাপত্তাবিষয়ক লক্ষ্য
- উৎপাদকদের বাধ্যবাধকতা
 - মূল নিরাপত্তা বিষয়ক লক্ষ্যগুলো পূরণ করা
 - লেবেলিং ও রেকর্ডস
- আমদানীকারদের বাধ্যবাধকতা
- উৎপাদকদের ও আমদানীকারকদের জন্য অতিরিক্ত বাধ্যবাধকতা
- ডিস্ট্রিবিউটরদের বাধ্যবাধকতা
- কাগজপত্র কাকে রাখতে হবে?

- ঘরোয়া ইলেকট্রিকাল যন্ত্রপাতির জন্য নিরাপদ কানেকশন
- অন্যান্য ইউকেসিএ মার্কিং রেগুলেশন প্রযোজ্য হতে পারে
- ট্রেডিং স্ট্যান্ডার্ডস
- গুরুত্বপূর্ণ আইন

এই নির্দেশিকাটি ইংল্যান্ড, স্কটল্যান্ড ও ওয়েলসের জন্য

ইলেকট্রিকাল যন্ত্রকে ইলেকট্রিকাল ইকুইপমেন্ট (সেফটি) রেগুলেশনস ২০১৬ মেনে চলতে হবে, যেটি প্রোডাক্ট সেফটি অ্যান্ড মেট্রোলজি এটসেটরা (অ্যামেন্ডমেন্ট এটসেটরা) (ইইউ এক্সিট) রেগুলেশনস ২০১৯-কে সংশোধন করেছে। নর্দার্ন আয়ারল্যান্ডের জন্য আলাদা বিধান রয়েছে এটি বিবেচনায় নেওয়ার জন্য যে নর্দার্ন আয়ারল্যান্ড প্রোটোকল সচল রয়েছে।

রেগুলেশনটি সেইসব ইলেকট্রিকাল যন্ত্রের ক্ষেত্রে প্রযোজ্য যা ঘরোয়া মেইন সাপ্লাইয়ের সাথে এবং কিছু ইন্ডাসট্রিয়াল যন্ত্রের সাথে কানেক্ট করার জন্য ডিজাইন করা হয়েছে। ইলেকট্রিকাল যন্ত্রের যন্ত্রাংশও এর আওতায় যদি সেগুলো একটি আলাদা বস্তু হিসেবে সাপ্লাই করা হয়।

৫০-১০০০ ভোল্টস এসি বা ৭৫-১,৫০০ ভোল্টস ডিসি এর মধ্যে ব্যবহারের জন্য ডিজাইন করা ইলেকট্রিকাল যন্ত্র অবশ্যই নিরাপদ হতে হবে, ভালো ইঞ্জিনিয়ারিং চর্চার নীতি অনুযায়ী নির্মিত হতে হবে এবং সুনির্দিষ্ট রেগুলেটরি নিরাপত্তা লক্ষ্য মান্য করতে হবে।

যদি ইলেকট্রিকাল যন্ত্রটি নির্ধারিত স্ট্যান্ডার্ড* মান্য করে, তাহলে এটিকে আপনা থেকেই নিরাপদ বলে ধরে নেওয়া হয়। পণ্যটির উৎপাদকের জন্য সুনির্দিষ্ট শর্ত রয়েছে, যার মাঝে রয়েছে ইউকেসিএ মার্ক অন্তর্ভুক্ত করা, ডিক্লারেশন অব কনফরমিটি প্রস্তুত করা ও রাখা, এবং পরীক্ষা করার জন্য টেকনিকাল তথ্য রাখা।

[* 'নির্ধারিত স্ট্যান্ডার্ডস' হচ্ছে সেগুলো যা সেক্রেটারি অব স্টেট অনুমোদন করেছেন এবং ব্রিটিশ স্ট্যান্ডার্ডস ইন্সটিটিউশন (বিএসআই) অনুমোদন করেছে।]

সেকেন্ড-হ্যান্ড বস্তুর (যার মাঝে রয়েছে ভাড়া করার এবং একটি ফার্নিশড অ্যাকোমোডেশনের অংশ হিসেবে সাপ্লাই করা যন্ত্র) ক্ষেত্রে নিরাপত্তা লক্ষ্যের কেবল মূল বিষয়গুলো পূরণ করতে হবে। এগুলোর ক্ষেত্রে ইউকেসিএ মার্ক ইত্যাদি থাকতে হবে না।

দেশের সংজ্ঞা

এই নির্দেশিকায় নিম্নলিখিত পরিভাষাগুলো ব্যবহার করা হয়েছে:

- ইউনাইটেড কিংডম (ইউকে): ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস ও নর্দার্ন আয়ারল্যান্ড
- গ্রেট ব্রিটেন (জিবি): ইংল্যান্ড, স্কটল্যান্ড ও ওয়েলস
- নর্দার্ন আয়ারল্যান্ড (এনআই)
- ইউরোপিয়ান ইউনিয়ান (ইইউ): ইইউতে ২৭টি সদস্য রাষ্ট্র রয়েছে, যার মাঝে রয়েছে আয়ারল্যান্ড কিন্তু ইউকে-এর কোনো দেশ নয়

উপরে ফেরত যান

মূল নিরাপত্তা বিষয়ক লক্ষ্যগুলো

ইলেকট্রিক্যাল যন্ত্রপাতিগুলো অবশ্যই:

- এমনভাবে নির্মিত হতে হবে যেন এটি নিরাপদে এবং এটি যে উদ্দেশ্যে তৈরি করা হয়েছে সেই উদ্দেশ্যে ব্যবহার করা যায়
- রেগুলেশনের পার্ট ২ এবং শিডিউল ১ ও ২ এর নিরাপত্তা লক্ষ্যগুলো পূরণ করে, যার মাঝে রয়েছে:
 - নিম্নলিখিত শর্ত অনুযায়ী মার্ক করা যেন এটিকে সহজে ট্রেস করা যায়
 - এমনভাবে ডিজাইন করতে হবে যেন যন্ত্রটি, এর যন্ত্রাংশ সহ, নিরাপদে এবং এবং যথাযথভাবে অ্যাসেম্বল ও সংযুক্ত করা যায়
 - যন্ত্রটি নিরাপদে ব্যবহার করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা ও তথ্য অবশ্যই যন্ত্রটিতে অথবা একটি সংযুক্ত নোটিশে মার্ক করা থাকতে হবে
 - কোনো বিপজ্জনক আর্কিং বা রেডিয়েশন ছাড়া একটি নিরাপদ তাপমাত্রায় অপারেট করবে
 - অনুমেয় পরিস্থিতির জন্য যথাযথ ইনসুলেশন থাকবে
 - সঠিক টেকনিক্যাল তথ্য থাকবে, যা ইউকে মার্কিং শর্তের সাথে কমপ্লায়েন্স ও একটি 'ডিক্লারেশন অব কনফরমিটি' প্রদর্শন করবে।

উপরে ফেরত যান

উৎপাদকদের বাধ্যবাধকতা

নিরাপত্তা বিষয়ক লক্ষ্যগুলো পূরণ করা

উৎপাদনকারীদের অবশ্যই কনফরমিটি সন্তুষ্ট করার জন্য আভ্যন্তরীণ উৎপাদন নিয়ন্ত্রণ (মান নিয়ন্ত্রণ [কোয়ালিটি অ্যাসিউরেন্স]) থাকতে হবে যা টেকনিক্যাল ডকুমেন্টেশনের দায়িত্ব এবং উৎপাদন প্রক্রিয়াগুলো পর্যবেক্ষণের মাধ্যমে অর্জিত হয়। হয় উৎপাদক বা (লিখিত ম্যানুয়ালের মাধ্যমে) অনুমোদিত প্রতিনিধি রেগুলেশনগুলোর শিডিউল ৮ অনুযায়ী একটি ডিক্লারেশন অব কনফরমিটি প্রস্তুত করবেন এবং ইউকেসিএ মার্ক প্রয়োগ করবেন (যেমনটি নিম্নে উল্লেখ আছে)।

যদি ইলেকট্রিকাল যন্ত্রটি নির্ধারণ মান পূরণ করতে, তাহলে এটি ধরে নেওয়া হবে যে এটি মূল নিরাপত্তা বিষয়ক লক্ষ্য পূরণ করে।

লেবেলিং ও রেকর্ডস

একজন উৎপাদক বা তাঁর অনুমোদিত প্রতিনিধিকে অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলো করতে হবে।

নিশ্চিত করতে হবে যে ইলেকট্রিকাল যন্ত্রপাতিগুলোতে ধরণ, ব্যাচ বা সিরিয়াল নম্বর বা এটিকে চিহ্নিত করা যায় এমন অন্য তথ্য থাকে।

ইলেকট্রিক যন্ত্রটিতে উৎপাদকের নাম, নিবন্ধিত ট্রেড নাম বা নিবন্ধিত ট্রেডমার্ক এবং ডাক ঠিকানা যেখানো যোগাযোগ করা যাবে তা থাকতে হবে। যদি যন্ত্রটিতে এগুলো উল্লেখ করা না যায়, তাহলে এগুলো পণ্যের প্যাকেজিং-এ বা সাথে থাকা কাগজপত্রে এগুলো উল্লেখ করা যেতে পারে। এগুলো সর্বশেষ ব্যবহারকারীর ও মার্কেট সার্ভেইল্যান্স অথরিটির জন্য পাঠযোগ্য হতে হবে এবং সহজবোধ্য হতে হবে। ইউকেতে এটি অবশ্যই ইংরেজিতে হতে হবে।

যন্ত্র, প্যাকেজিং, নির্দেশনা বা গ্যারান্টি সার্টিফিকেটে একটি ইউকেসিএ মার্ক যুক্ত করতে হবে। ইউকেসিএ মার্ক হচ্ছে একটি ঘোষণা যে যন্ত্রটি রেগুলেশনটি মেনে চলে।



ইউকেসিএ মার্ক – এবং ইউকেএনআই ও সিই মার্কেসের জন্য – দেখন 'পণ্য নিরাপত্তা: ডিউ ডিলিজেন্স'।

উৎপাদকদের একটি 'ডিক্লারেশন অব কনফরমিটি' প্রস্তুত করতে হবে এবং রাখতে হবে, যেটিতে থাকতে হবে:

- পণ্যের মডেল, ধরণ, ব্যাচ বা সিরিয়াল নম্বর (সমূহ) যেটির উপর ডিক্লারেশন অব কনফরমিটি প্রযোজ্য (ট্রেসেবিলিটির জন্য)
- উৎপাদকের বা তাঁর অনুমোদিত প্রতিনিধির নাম ও ঠিকানা
- ইলেকট্রিকাল যন্ত্রে একটি বর্ণনা (প্রয়োজন হলে ইলেকট্রিকাল যন্ত্রটিতে শনাক্তকরণের জন্য একটি রঙিন ছবি অন্তর্ভুক্ত থাকতে পারে)

- কমপ্লায়েন্স মূল্যায়ন করার জন্য ব্যবহৃত নির্ধারিত স্ট্যান্ডার্ডের একটি রেফারেন্স (যদি কোনো নির্ধারিত স্ট্যান্ডার্ড না থাকে, তখন অন্য স্পেসিফিকেশনের রেফারেন্স)
- উৎপাদকের পক্ষে যে ব্যক্তি অঙ্গীকারে প্রবেশ করবেন বা অনুমোদিত প্রতিনিধির (প্রযোজ্য হলে) পরিচিতি
- ইস্যু করার স্থান ও তারিখ

টেকনিকাল ডকুমেন্টেশন সংকলন করা ও রাখা, যার মাঝে থাকবে:

- ইলেকট্রিকাল যন্ত্রটির একটি সাধারণ বর্ণনা
- কনসেপচুয়াল ডিজাইন, ম্যানুফেকচারিং ড্রইংস, যন্ত্রাংশের বিবরণ ইত্যাদির পাশাপাশি এগুলোকে ব্যাখ্যা করতে সাহায্য করার ব্যাপারে তথ্য
- ইলেকট্রিকাল যন্ত্রগুলো যে স্ট্যান্ডার্ডগুলো মেনে চলে সেগুলোর একটি তালিকা, বা যদি কোনো স্ট্যান্ডার্ড ব্যবহৃত না হয়ে থাকে, সাধারণ নিরাপত্তা শর্ত পূরণ নিশ্চিত করতে কী করা হয়েছে তার একটি বিবরণ
- টেস্ট, এগজামিনেশন, ক্যালকুলেশন ইত্যাদির ফলাফল ও রিপোর্ট

উপরে ফেরত যান

আমদানিকারকদের বাধ্যবাধকতা

একজন আমদানিকারক হচ্ছেন ইউকে ভিত্তিক একজন ব্যক্তি বা ব্যবসা যিনি ইউকে এর বাইরের কোনো দেশ থেকে একটি যন্ত্র জিবি বাজারে ছাড়েন। আমদানিকারকদের বাজারে কোনো ইলেকট্রিকাল যন্ত্র ছাড়া উচিত নয় যদি না তাদের নিশ্চয়তা থাকে যে এটি মূল নিরাপত্তা লক্ষ্য (উপরে দেখুন) পূরণ করে এবং নিশ্চিত করেন যে উৎপাদনকারী কনফরমিটি অ্যাসেসমেন্ট প্রসিডিউরস, টেকনিকাল ডকুমেন্টেশন, ইউকেসিএ মার্কিং অ্যান্ড লেবেলিং শর্তের সকল বাধ্যবাধকতা পূরণ করেছেন। অনুরোধ করলে এটি একটি এনফোর্সমেন্ট সংস্কার কাছে দিতে হবে।

আমদানিকারকদের আরো নির্দেশ করতে হবে যে ইলেকট্রিকাল যন্ত্রে তাঁদের নাম বা নিবন্ধিত ট্রেড মার্ক এবং একটি ডাক ঠিকানা থাকে যেটিতে তাঁদের সাথে যোগাযোগ করা যাবে। পরিবর্তনের ব্যাপারে সহযোগিতা করার জন্য, ইউকে একটি ট্রানজিশনাল পিরিয়ড প্রয়োগ করছে যেটি শেষ হবে ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে যেন ইইএ বা সুইজারল্যান্ড থেকে ইউকের পণ্য আমদানিকারকরা (যাঁদের ইইউ এক্সিট তারিখের পূর্বে, ডিস্ট্রিবিউটর হিসেবে বিবেচনা করা হতো) যন্ত্রের পরিবর্তে প্যাকেজিং-এ বা সংযুক্ত কাগজপত্রে তাঁদের বিবরণ প্রদান করতে পারেন।

উপরে ফেরত যান

উৎপাদক ও আমদানিকারকদের জন্য অতিরিক্ত বাধ্যবাধকতা

উৎপাদক ও আমদানিকারকদের অতিরিক্ত বাধ্যবাধকতা রয়েছে; তাদের অবশ্যই:

- বাজারে ছাড়া হয়েছে এমন ইলেকট্রিক্যাল যন্ত্রের স্যাম্পল টেস্টিং করতে হবে
- নন-কনফার্মিং ইলেকট্রিক্যাল যন্ত্র ও ইলেকট্রিক্যাল যন্ত্রের রিকল তদন্ত করতে হবে (এবং সেগুলোর ব্যাপারে অভিযোগের একটি রেজিস্টার রাখতে হবে)
- এ ধরণের যে কোনো পর্যবেক্ষণের ব্যাপারে ডিস্ট্রিবিউটরদের অবগত রাখতে হবে

উপরে ফেরত যান

ডিস্ট্রিবিউটরদের বাধ্যবাধকতা

ডিস্ট্রিবিউটরদেরও অবশ্যই সতর্কতার সাথে কাজ করতে হবে এটি নিশ্চিত করার জন্য যে তারা কেবল তেমন যন্ত্রই সাপ্লাই করেন যেগুলোর ব্যাপারে উৎপাদক ও আমদানিকারক তাঁদের উপরে উল্লেখ করা কর্তব্যগুলো পালন করেছেন। তাঁদের নিশ্চিত করতে হবে যে ইলেকট্রিক্যাল যন্ত্রগুলো:

- যেমনটি প্রযোজ্য সেই অনুযায়ী ইউকিসিএ / সিই মার্ক যুক্ত
- প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত
- লেবেলিং-এর শর্ত পূরণ হয়েছে
- লেবেল আমদানিকারককে চিহ্নিত করে
- নির্দেশনা ও নিরাপত্তা বিষয়ক তথ্য ইংরেজিতে প্রদান করা হয়েছে

যেখানে একজন ডিস্ট্রিবিউটর মনে করবেন বা বিশ্বাস করার কারণ থাকবে যে ইলেকট্রিক্যাল যন্ত্রটি নিরাপত্তা লক্ষ্যের মূল বিষয়গুলো মান্য করেনি বা উপরের কোনো শর্ত পূরণ করেনি, সেক্ষেত্রে ডিস্ট্রিবিউটর অবশ্যই ইলেকট্রিক্যাল যন্ত্রটি বাজারে ছাড়বেন না যতক্ষণ পর্যন্ত না এটিকে মান্য করানো যায়।

উপরে ফেরত যান

ডকুমেন্টেশন কার রাখা উচিত?

ডিক্লারেশন অব কনফার্মিটি এবং টেকনিক্যাল ডকুমেন্টসগুলো এনফোর্সমেন্ট সংস্থাগুলো (যার মাঝে রয়েছে ট্রেডিং স্ট্যান্ডার্ডস) পরীক্ষা করার জন্য রাখতে হবে ও প্রদান করতে হবে:

1. উৎপাদককে, যদি তারা ইউকেতে থাকে
2. তাদের অনুমোদিত প্রতিনিধিকে *
3. যদি উপরের কোনোটিই না হয়, তাহলে ইউকেতে আমদানিকারককে

এগুলো অবশ্যই ১০ বছর সময়ের জন্য রাখতে হবে যে দিন থেকে ইলেকট্রিক ইকুইপমেন্টটি বাজারে ছাড়া হয়েছিল।

[*আপনি অনুমোদিত প্রতিনিধি ব্যবহার করা চালিয়ে যেতে পারবেন যদি তিনি ইউকে, ইউইউ, ইউরোপিয়ান ইকোনমিক এরিয়া, বা সুইজারল্যান্ড অথবা টার্কি ভিত্তিক হন। কিন্তু, যদি আপনি ব্রেক্সিটের পর কোনো নতুন অনুমোদিত প্রতিনিধি নিয়োগ করেন আপনার পণ্য বাজারে ছাড়ার জন্য, নতুন অনুমোদিত প্রতিনিধিকে ইউকে ভিত্তিক হতে হবে।]

[উপরে ফেরত যান](#)

ঘরোয়া ইলেকট্রিকাল যন্ত্রের জন্য নিরাপদ কানেকশন

যদি ইলেকট্রিকাল যন্ত্রটি একটি প্লাগ ইন হয় (যেমন একটি চার্জার) যেটি, মেইন লিড বা প্লাগ ব্যবহার না করে, সরাসরি ইউকের পাবলিক ইলেকট্রিসিটি সাপ্লাইয়ের সাথে একটি সকেট আউটলেটের মাধ্যমে সংযুক্ত হবে বলে অভিপ্রেত, যেটি বিএস ১৩৬৩: ১৩এ প্লাগস, সকেট আউটলেটস, অ্যাডাপটরস অ্যান্ড কানেকশন ইউনিটস মান্য করে, সেক্ষেত্রে ইকোনমিক অপারেটরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে ডিভাইসটি বিএস ১৩৬৩ মান্য করে এমন সকেট আউটলেটের সাথে কম্পাটিবল।

যখন একটি ইলেকট্রিকাল যন্ত্রের ফ্লেক্সিবল লিড ও প্লাগ অ্যাসেম্বলি থাকে, যেমন একটি ভ্যাকুয়াম ক্লিনার, এবং এটি ইউকে পাবলিক ইলেকট্রিসিটি সাপ্লাইয়ের সাথে বিএস ১৩৬৩ কনফরমিং একটি সকেট আউটলেটের মাধ্যমে সংযুক্ত হওয়ার জন্য অভিপ্রেত, সেক্ষেত্রে ইকোনমিক অপারেটরকে অবশ্যই মান্য করতে হবে যে প্লাগটি একটি সঠিক ভাবে ফিটেড স্ট্যান্ডার্ড প্লাগ যেটিতে একটি বিএস ১৩৬২ ফিউজ যুক্ত আছে, বা এটিতে সঠিকভাবে ফিটেড নন-ইউকে প্লাগ আছে যেটি আইইসি ৮৮৪-১ এর নিরাপত্তা বিধান মান্য করে এবং যেটির সাথে একটি কম্পাটিবল কনভার্সন প্লাগ সঠিকভাবে সংযুক্ত আছে।

বহু আধুনিক ইলেকট্রিকাল অ্যাপ্লায়েন্স এখন 'স্মার্ট' টেকনোলজি যুক্ত থাকে, যার কিছু কিছু ব্লুটুথ বা অন্য কিছু মাধ্যমে কম্পিউটার, ল্যাপটপ বা মোবাইল ডিভাইসে অ্যাপের মাধ্যমে সংযুক্ত থাকে। এমন ডিভাইসগুলো হয়তো রেডিয়ো ইকুইপমেন্ট রেগুলেশনস ২০১৭-এর আওতায়ও আসবে।

[উপরে ফেরত যান](#)

অন্য ইউকেসিএ মার্কিং রেগুলেশন যেগুলো প্রযোজ্য হতে পারে

- ইলেকট্রোম্যাগনেটিক কম্পাটিবিলিটি রেগুলেশনস ২০১৬ (ইলেকট্রনিক যন্ত্র থেকে ইলেকট্রোম্যাগনেটিক এমিশন নিষিদ্ধ করার বিধান রয়েছে যা অন্য যন্ত্রের অপারেশনের বিঘ্ন ঘটায়)
- রেডিও ইকুইপমেন্ট রেগুলেশনস ২০১৭

[উপরে ফেরত যান](#)

ট্রেডিং স্ট্যান্ডার্ডস

ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিসের কাজের ব্যাপারে আরো তথ্যের জন্য - এবং আইন মান্য না করার সম্ভাব্য পরিণতি সম্পর্কে জানতে - অনুগ্রহ করে দেখুন 'ট্রেডিং স্ট্যান্ডার্ড: ক্ষমতা, এনফোর্সমেন্ট ও দন্ড'

[উপরে ফেরত যান](#)

Key legislation

[ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট \(সেফটি\) রেগুলেশন ২০১৬](#)

[ইলেকট্রোম্যাগনেটিক কম্পাটিবিলিটি রেগুলেশনস ২০১৬](#)

[রেডিও ইকুইপমেন্ট রেগুলেশনস ২০১৭](#)

[প্রডাক্ট সেফটি অ্যান্ড মেট্রোলজি এটসেটরা \(অ্যামেন্ডমেন্ট এটসেটরা\) \(ইইউ এক্সিট\) রেগুলেশনস ২০১৯](#)

সর্বশেষ পর্যালোচনা / হালনাগাদ করা হয়েছিল: মে ২০২১

এই হালনাগাদে

'নির্ধারিত স্ট্যান্ডার্ডের' সংজ্ঞা যোগ করা হয়েছে

অনুগ্রহ করে লক্ষ্য করুন

এখানকার তথ্যগুলো কেবলমাত্র নির্দেশনার জন্য; কেবলমাত্র আদালতই আইনের কর্তৃত্বপূর্ণ ব্যাখ্যা প্রদান করতে পারেন।

গাইডের 'গুরুত্বপূর্ণ আইন' লিংকগুলো আইনের কেবল মূল সংস্করণটিই দেখাতে পারে, যদিও কিছু সংশোধিত আইনও আলাদা করে সংযুক্ত করা আছে যেখানে এটি নির্দেশিকার বিষয়বস্তুর সাথে সরাসরি সম্পর্কিত। আইনের সংশোধনীর ব্যাপারে তথ্য পাওয়া যাবে প্রতিটি লিংকের 'মোর রিসোর্সেস' ট্যাবে।